

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
২। প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনায়ন কাজের অনুমোদন প্রসঙ্গে।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগত করানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসার আওতাধীন মডস জোন-৩ একটি গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল এলাকা হিসাবে বিবেচিত হয়। অত্র জোনের আওতাধীন ১৯টি ডিএমএ এর কাজ শেষ হয়ে জোনের কাছে হস্তান্তর করা হয়েছে। এ সকল ডিএমএ এলাকার পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য অত্র জোনের বিভাগীয় সাব-স্টোর হতে মালামাল ব্যবহার করা হয়। বিভাগীয় সাব-স্টোর পানির লাইনের সংযোগ স্থাপনের কাজে ব্যবহৃত মালামাল সহ পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের কিছু মালামাল প্রায় শেষ পর্যায় আছে। এছাড়া পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত ৫৫০ মিঃমিঃ ব্যাসের CI ম্যানহোল কভার শেষ হয়ে গিয়েছে। অত্র জোনের বিভিন্ন ডিএমএ-তে অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পানি ও পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ চলনাম। ফলে পানি ও পয়ঃ সমস্যা নিরসনের জন্য পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামাল জরুরী ভিত্তিতে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে সংগ্রহ করা প্রয়োজন। কেন্দ্রীয় ভান্ডার বৃহৎ পরিসর হওয়ায় বিভিন্ন গোডাউন হতে মালামাল সংগ্রহ করতে হয়। যার প্রেক্ষিতে মালামাল গুলো গোডাউন থেকে movement, arrangement এবং counting কাজে সহযোগিতার জন্য জনবল/লেবারের প্রয়োজন। এছাড়াও মালামাল বহনকারী পরিবহনে লোড ও আনলোড করার জন্য জনবল দরকার।

২। ২। সেই প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামালগুলো ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে সংগ্রহ করার জন্য প্রচলিত বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হ'ল (ফ্রঃনং-২)। যার ব্যয়ের পরিমাণ দাড়িয়েছে ৳২৫,৮০০.০০ (পঁচিশ হাজার আটশত) টাকা মাত্র। অত্র ক্রয় কাজের ব্যয়ভার পিপিআর-২০২৫ এর বিধি ১০০/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ" ক্রমিক নং- B-13.1 খাত হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

৩। এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে, "মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনায়ন কাজটি" জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলোঃ

ক) সর্বমোট উপস্থাপিত ৳২৫,৮০০.০০ (পঁচিশ হাজার আটশত) টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) পিপিআর- ২০২৫ এর বিধি ১০০/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি (অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন;

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত সংশোধিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "অফিস বিল্ডিং রক্ষণাবেক্ষণ" ক্রমিক নং- B-13.1 খাত হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ "প্রধান প্রকৌশলী" মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

Shashir
18/5/26

অনুপমা খসরু লিজা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE
18/5/26
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE
21/5/26
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE
22/05/26
SE, MODS CFR-1
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। অনুমোদিত,

Ken zone 3

21/05/26
শওকত মাইয়ুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

SAE(L)
21/5/26